যুগান্তর

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

JUL 28 1992

Elite Point

যুগান্তর

আন্তঃ স্কুল সংসদীয় বিতর্ক উৎসব

খাস্তগীর বালিকা বিদ্যালয় চ্যাম্পি...

চট্টগ্রাম ব্যুরো

লায়ন্স ক্লাব ... ডিবেটিং সোসাইটি ... সপ্তাহব্যাপী ... প্রতিযোগিতা ... উচ্চ বিদ্যালয় ... ফুলচেরা বি... বিরোধী দল ...

চ্যাম্পিয়ন : পৃ...

চ্যাম্পিয়ন : বালিকা বিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

বার্নার্স-আপ সরকারি দল চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের বিপক্ষে। গতকাল বৃহস্পতিবার চট্টগ্রাম কলেজ অডিটোরিয়ামে 'গণতন্ত্র বিকাশের স্বার্থে রাষ্ট্রপতি শাসিত সরকার পদ্ধতি প্রবর্তন করা হোক' শীর্ষক বিতর্কে এ দুই বালিকা বিদ্যালয়ের মধ্যকার আকর্ষণীয় ফাইনালটি উপভোগ করেন মিলনায়তনভর্তি বিভিন্ন স্কুল ও কলেজের শত শত দর্শক।

ফাইনাল বিতর্কের পর এলিট পেইন্ট-যুগান্তর সিডিএস আন্তঃস্কুল সংসদীয় বিতর্ক উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ ও সিডিএসের প্রধান উপদেষ্টা প্রফেসর সামসুন নাহার আলী। কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ইয়াকুব আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন যুগান্তর চট্টগ্রাম ব্যুরো চিফ জসীম চৌধুরী সবুজ, আন্তর্জাতিক ইসলামিক বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের স্টুডেন্ট অ্যাফেয়ার্স ডিভিশনের পরিচালক আ জ ম ওবায়েদ উল্লাহ, এলিট পেইন্ট গ্রুপের কমার্শিয়াল ম্যানেজার সুব্রত দেব, বেক্সিন ডিভিশনের ম্যানেজার এএইচএনএম কফিল উদ্দিন, পার্সোনাল ম্যানেজার আবুল কাশেম আজাদ, ফ্যাক্টরি ম্যানেজার এসপি বঞ্চিত এবং প্রবাহ কোচিং সেন্টারের নির্বাহী পরিচালক অবু নোমান আল মনির। স্বাগত বক্তব্য রাখেন সিডিএসের মডারেটর এবং চট্টগ্রাম কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক আইয়ুব ভূঁইয়া। এছাড়া বক্তব্য রাখেন সিডিএসের ছাত্র উপদেষ্টা আহমদ জাহেদুল আনোয়ার, সাবেক সহ-সভাপতি অর্পিতা বড়ুয়া এবং সদস্য সুদর্শন শুভাশীষ দাশ।

অধ্যক্ষ প্রফেসর সামসুন নাহার আলী তার বক্তব্যে বলেন, প্রতিটি স্কুল-কলেজে ডিবেটিং ক্লাব গড়ে তোলা প্রয়োজন। ছাত্রছাত্রীরা আজ বিতর্কে যে পারদর্শিতা দেখাচ্ছে, তা তাদের মেধারই স্বাক্ষর। তিনি সিডিএসকে এ উৎসবের সাফল্যের জন্য অভিনন্দন জানান।

জসীম চৌধুরী সবুজ বলেন, এ ধরনের বিতর্ক চর্চা ভবিষ্যতে সংসদেও যুক্তিতর্কের মাধ্যমে সিদ্ধান্তে উপনীত হতে সাহায্য করবে। এলিট পেইন্ট গ্রুপের কমার্শিয়াল ম্যানেজার সুব্রত দেব বলেন, এ বিতর্কের মতো জাতীয় সংসদেও বিরোধী দল উপস্থিত থাকলে সংসদ প্রাণবন্ত হতো। তিনি উৎসবের সাফল্যের জন্য সিডিএসকে এবং জাতীয়ভাবে প্রচারের জন্য যুগান্তরকে ধন্যবাদ জানান।

সমাপনী অনুষ্ঠানে চ্যাম্পিয়ন ডা. বক্তাবীর স্কুল এবং বার্নার্স-আপ চট্টগ্রাম সরকারি বালিকা স্কুলকে ট্রফি, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়। এছাড়া অংশগ্রহণকারী ১১টি দলের প্রত্যেক বিতার্কিক ও মডারেটর এবং বিতর্ক অধিবেশন পরিচালনাকারী শিক্ষককে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

গতকাল ফাইনাল অধিবেশনে শিক্ষক হিসাবে ছিলেন সাবেক কৃতী তার্কিক অলি মামুন। বিচারক প্যানেলে ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইয়াহইয়া আখতার, চবি নৃতত্ত্ব বিভাগের প্রভাষক ও সাবেক কৃতী বিতার্কিক আশিকুর রহমান, চিটাগাং ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের প্রভাষক মাহফুজুর রহমান, যুগান্তর চট্টগ্রাম ব্যুরোর রিপোর্টার জামসেদ রেহমান চৌধুরী এবং কবি নীরব সাংস্কৃতিক সংগঠনের সভাপতি সাজ্জাদ হোসেন।

চ্যাম্পিয়ন বক্তাবীর স্কুলের কৃতী তার্কিক দলনেত্রী সুস্মিতা চৌধুরী, সুবানা রহমান, জিনিয়া আকতার, আয়েশা সিদ্দিকা, জিহান মাবরুন এবং মডারেটর মোশফেকা আকতার চৌধুরী জানান, এ সাফল্যে তাঁরা পুলকিত ও আনন্দিত। বার্নার্স-আপ চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের কৃতী তার্কিক দলনেত্রী ফাহমিদা সোবহান, সানজিদা মাহমুদ, সামশাদ সুলতানা, ফাহমিদা আকতার এবং মডারেটর তুলফিকুন্নেছা ভবিষ্যতে আরও ভাল করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। গতকাল সমাপনী অনুষ্ঠান পরিচালনা করেন শাহে আরেফিন, শুভাশীষ চক্রবর্তী, আতিকুর রহমান, শরণ সুমিত প্রমুখ।